

গদ্য:- 'যুগ প্রবর্তক রামমোহন' - বিপিনচন্দ্র পাল

গদ্যের সারসংক্ষেপ:-

লেখক বিপিনচন্দ্র পাল ছিলেন একজন বরেন্য দেশনেতা। তিনি আমাদের পাঠ্য 'যুগ প্রবর্তক রামমোহন' গল্পটি রচনা করেছেন।

রাজা রামমোহন রায় বাংলার নবযুগের সূচনা করেন। বাংলাদেশে তিনিই ইংরেজি শিক্ষার একজন আদি প্রতিষ্ঠাতা। প্রাচীন হিন্দুশাস্ত্র যেসব সংস্কৃত ভাষায় রচিত ছিল সেগুলি সাধারণ মানুষ যাতে বুঝতে পারে সেজন্য সেগুলি তিনি বাংলায় অনুবাদ করেন। তাঁর উদ্দেশ্য ছিল স্বাধীন চিন্তায় বিচার বিবেচনা করে শাস্ত্রের অর্থ বুঝতে পারা। তিনি উপনিষদেরও বাংলায় অনুবাদ করেন। মানুষের অধিকার ধর্ম বা সমাজের শাসনের অজুহাতে যাতে সেই অধিকার নষ্ট না হয়- সেই সত্য তিনি নানাভাবে প্রচার করেছেন। তিনি সতীদাহ প্রথা নিবারণ করেছেন। বিলাতে পার্লামেন্টের ভারত শাসন সম্বন্ধীয় কমিটির কাছে তাঁর সাক্ষ্য প্রদানে যেমন মানবতার আদর্শ দেখা যায় তেমনি পার্লামেন্টকে কৃষকের জমির ওপর তার অধিকার দেবার অনুরোধ করেন।

রামমোহন পরাধীনতা স্বীকার না করলেও আধুনিক জ্ঞান-বিজ্ঞান শিল্প ইত্যাদি সম্পূর্ণ আয়ত্ত করার জন্য সাময়িকভাবে ইংরেজ শাসনের প্রয়োজনীয়তা অনুভব করেছেন। এইজন্য চল্লিশ বছর পর্যন্ত ভারতের রাজদন্ড ইংরেজদের হাতে থাকুক তিনি মনে করতেন। এত সুপ্রাচীন জাতি উদার সভ্যতা ও সাধনার অধিকারী হয়েও জগতে প্রতিষ্ঠা লাভ করতে পারবে না তা রামমোহনের কল্পনার অতীত ছিল। মানুষের ওপর মানুষের অযথা আধিপত্য তিনি সহ্য করতেন না।

রামমোহন দেখলেন ভারতবর্ষ আপনার বৈচিত্র্যে একটা ক্ষুদ্র বিশ্বের মতো। তিনি চেয়েছিলেন ভারতে এক মহাজাতির প্রতিষ্ঠা হোক - এর জন্য সাম্প্রদায়িক সংকীর্ণতা, বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে বিভেদ বিরোধ দূর করতে হবে। ভারতের জাতীয়তার মূল অন্তরায় দূর করার জন্য তিনি ব্রাহ্মসভার প্রতিষ্ঠা করেন, ব্রাহ্মধর্ম নামে নতুন ধর্ম বা ব্রাহ্মসমাজ নামে কোন নতুন সমাজ প্রতিষ্ঠা করেননি। ভেদাভেদ দূর করে ভারতবর্ষে একটা বিরাত জাতীয় একতা প্রতিষ্ঠার জন্য ব্রাহ্মসভার প্রতিষ্ঠা করেন। ভারতে নতুন জাতীয় জীবনের সূত্রপাত করেছেন বলেই তাঁকে বাংলার নবযুগের যুগ - প্রবর্তক বলা হয়।

১। অর্থ লেখ :-

- ক) সূচনা -
- খ) প্রশস্ত -
- গ) অভিনব -
- ঘ) অজুহাত -
- ঙ) নিবারণ-
- চ) অধিগত -
- ছ) প্রবর্তক -
- জ) প্রত্যক্ষ -
- ঝ) সংকীর্ণতা -
- ঞ) অন্তরায় -

২। সন্ধি বিচ্ছেদ করো :-

- ক) স্বাধীন -
- খ) প্রত্যক্ষ -
- গ) সংস্কৃত -
- ঘ) দায়াদিকার -
- ঙ) স্বত্বাধিকার -
- চ) শাসনাধীনে -
- ছ) সমন্বিত -

৩। বিপরীত শব্দ লেখ :-

- ক) স্বাধীনতা -
- খ) প্রাচীন -
- গ) পন্ডিত -
- ঘ) সমর্থ -
- ঙ) প্রস্তুত -
- চ) অসম্ভব -
- ছ) ক্ষুদ্র -
- জ) নূতন -
- ঝ) আশা -

৪। বাক্য রচনা করো :-

- ক) অজুহাত -
- খ) বিশাল -
- গ) আধিপত্য -
- ঘ) বৈষম্য -
- ঙ) প্রতিষ্ঠা -
- চ) কল্পনা -
- ছ) দুর্ঘটনা -
- জ) স্বীকার -

৫। শূন্যস্থান পূরণ করো :-

- ক) রাজা রামমোহন হইতেই বাংলার সূচনা।
- গ) রাজা রামমোহন রায় র প্রতিষ্ঠা করেন।
- ঙ) তাঁহাকে বাংলার নবযুগের বলিয়া অভিবাদন করি।

৬। অতি-সংক্ষিপ্ত প্রশ্নাবলি :-

- ক) নবযুগের যুগপ্রবর্তক কাকে বলা হয়?
- খ) কৃষকদের জন্য রামমোহন পার্লামেন্টে কি অনুরোধ করেছিলেন?
- ঘ) ভারতবর্ষে একটা বিরাট জাতীয় একতা প্রতিষ্ঠার জন্য রামমোহন কী করেছিলেন?

৭। সংক্ষিপ্ত প্রশ্নাবলি :-

- ক) রামমোহন কেন প্রাচীন হিন্দুশাস্ত্র সংস্কৃত থেকে বাংলায় অনুবাদ করেন?
- খ) উপনিষদ অনুবাদ করে রামমোহন কী করেছিলেন?
- গ) ব্রাহ্মসভার প্রতিষ্ঠা করেছিলেন কেন?

বাড়ির কাজ :-

বাকি অর্থ, বিপরীত শব্দ, বাক্যরচনা, শূন্যস্থান পূরণ, অতি-সংক্ষিপ্ত প্রশ্নাবলি, সংক্ষিপ্ত প্রশ্নাবলি বাড়িতে স্কুলের খাতায় লিখবে।
